JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/23/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো 2018 সালে 63 শতাংশ প্রবৃদ্ধিসহ রেকর্ড পরিমাণ বৈদ্যুতিক যানবাহন বিক্রয়ের ঘোষণা করেছেন

নিউ স্টেট বিশ্লেষণে দেখা গেছে যে বৈদ্যুতিক যানবাহনসমূহ 2030 সালের মধ্যে প্রায় 5 বিলিয়ন মার্কিন ডলারের সমপরিমাণ সামাজিক সুবিধা নিশ্চিত করতে পারে

জন এফ. কেনেডি (JFK) এয়ারপোর্টে বৈদ্যুতিক যানবাহন (EV) চালকগণের, রাইড শেয়ারিং যানবাহনের, বাস ও স্টেট ফ্লিটসমূহের সেবায় স্থাপিত নতুন ফাস্ট চার্জার হাব হলো ইউনাইটেড স্টেট এর মধ্যে বৃহত্তম নন-টেসলা ফাস্ট-চার্জিং হাব

গভর্নর কুওমোর দেশের শীর্ষস্থানীয় ক্লিন এনার্জি (Green New Deal) সমর্থন করে - যা দেশের-শীর্ষস্থানীয় ক্লিন এনার্জি ও কর্মসংস্থান এজেন্ডা যা নিউ ইয়র্ককে কার্বন নিরপেক্ষতার ক্ষেত্রে সঠিক পথে রাখছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইউর্কের বাসিন্দাগণ রেকর্ড পরিমাণ গতিতে বৈদ্যুতিক যানবাহন ক্রয় করছেন যার মাধ্যমে 2018 সালে 63 শতাংশ বিক্রয় প্রবৃদ্ধি অর্জিত হয়েছে। সড়কে বৈদ্যুতিক যানবাহনের সংখ্যা 2017 সালে 24,551 থেকে 2018 সালে 36,854 এ বৃদ্ধি পেয়েছে। আজ একটি নতুন রিপোর্টও প্রকাশিত হয়েছে যা একটি ব্যয়-সুবিধা বিশ্লেষণ প্রদান করে যেখানে দেখা যায় যে নিউ ইয়র্ক স্টেটে বৈদ্যুতিক যানবাহনসমূহের বর্ধিত সম্প্রসারণ বৈদ্যুতিক যানবাহনের চালক ও ইউটিলিটি গ্রাহক উভয়ের জন্য আর্থিক সাশ্রয়সহ 5.1 বিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত সামাজিক সুবিধা প্রদান করতে পারে। বৈদ্যুতিক যানবাহনের ব্যবহার বৃদ্ধি গভর্নর কুওমোর গ্রিন নিউ ডিল-যা দেশের শীর্ষস্থানীয় ক্লিন এনার্জি ও কর্মসংস্থান এজেন্ডাকে সহায়তা করছে যা নিউ ইয়র্ককে কার্বন নিরপেক্ষতার ক্ষেত্রে সঠিক পথে রাখছে এবং 2030 সালের মধ্যে গ্রিনহাউজ গ্যাস নির্গমণ 40 শতাংশ কমিয়ে আনা সম্পর্কিত স্টেটের লক্ষ্য অর্জন করছে।

"যখন আমরা স্টেটব্যাপী আমাদের চার্জ দেওয়ার অবকাঠামো সম্প্রসারণ অব্যাহত রাখছি তখন আমরা নিউ ইয়র্কে বৈদ্যুতিক যানবাহন চালানোকে পূর্বের যেকোনো সময়ের চেয়ে সহজতর ও সাশ্রয়ী করছি", **গভর্নর কুওমো বলেন।** "2018 সালে বৈদ্যুতিক যানবাহন বিক্রয়ের উর্ধ্বগতি শুধুমাত্র এই সকল যানবাহনের সুবিধাবলীকেই গুরুত্বারোপ করে না বরং আমাদের চার্জ নিউ ইয়র্ক (Charge NY) উদ্যোগসমূহ আমাদের সবুজতর শক্তির জন্য সামনে অগ্রসর হওয়ার সক্ষমতার উপর যে ইতিবাচক প্রভাব ফেলছে সেগুলোর উপরেও গুরুত্বারোপ করে।"

"আমরা বৈদ্যুতিক যানবাহনের ব্যবহার বৃদ্ধি ও উন্নয়নের জন্য স্টেটজুড়ে সকল কমিউনিটিতে বৈদ্যুতিক যানবাহন সংক্রান্ত অবকাঠামোয় অব্যাহতভাবে বিনিয়োগ করছি", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "বিক্রয়ে এই ব্যাপক প্রবৃদ্ধি দেখায় যে আমাদের উদ্যোগসমূহ কাজ করছে এবং একটি পার্থক্য সৃষ্টি করছে। আমরা চার্জিং স্টেশনসমূহ এবং অন্যান্য উপকরণসমূহকে সহায়তাদান করতে প্রতিজ্ঞাবদ্ধ যাতে বৈদ্যুতিক যানবাহনে চলাচল করা সহজতর হয় এবং আমাদের উচ্চাভিলাষী ক্লিন এনার্জি লক্ষ্যসমূহের অগ্রগতি সাধন করা যায়।"

এছাড়াও গভর্নর জন এফ. কেনেডি (John F. Kennedy) আন্তর্জাতিক বিমানবন্দরে একটি নতুন ফাস্ট চার্জার হাব এর ঘোষণা করেছেন যা ট্যাক্সি, রাইড শেয়ারিং, বাস ও অন্যান্য বৈদ্যুতিক যানবাহনকে প্রধান আন্তর্জাতিক যানবাহন গন্তব্যে 20 মিনিট বা তার কম সময়ে চার্জ করতে সক্ষম করবে।

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্স অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) এর অর্থায়নে পরিচালিত বৈদ্যুতিক যানবাহন বিশ্লেষণ নিউ ইয়র্কের 2025 সালের মধ্যে সড়কে প্রায় 850,000 এবং 2030 সালের মধ্যে দুই মিলিয়ন বৈদ্যুতিক যানবাহনের সংখ্যা বৃদ্ধির লক্ষ্যমাত্রা পূরণের সুবিধাবলী ও ব্যয়সমূহ মূল্যায়ন করেছিল। সামাজিক সুবিধাবলী গ্যাসোলিন চালিত যানবাহন থেকে বৈদ্যুতিক যানবাহনে স্থানান্তরের ফলে নিউ ইয়র্ক স্টেট এ যে প্রত্যক্ষ, আর্থিক সুবিধাবলীর প্রবাহ হবে সেটিসহ কার্বন নির্গমন কমে আসার পরোক্ষ সুবিধাবলীও বিবেচনা করে। বিশ্লেষণটি বিভিন্ন বিদ্যুতের দর এবং চার্জিং অবকাঠামোর সহজলভ্যতা বিবেচনায় নিয়ে বৈদ্যুতিক যানবাহন অভিযোজনকে বৈদ্যুতিক যানবাহনের মালিক, অন্যান্য ইউটিলিটি গ্রাহক এবং সার্বিকভাবে সামাজিক দৃষ্টিকোণ থেকে এবং এই সকল সুবিধা ও ব্যয় স্টেটের তিনটি অঞ্চল - নিউ ইয়র্ক সিটি/ওয়েস্টচেস্টার, লং আইল্যান্ড ও আপস্টেট নিউ ইয়র্কে ভিন্ন ভিন্ন কি না সেটি পর্যালোচনা করেছিল।

প্রাপ্ত ফলাফলসমূহের মধ্যে রয়েছে:

- বৈদ্যুতিক যানবাহন প্রণোদনাসমূহ যেমন- স্টেটের সফল ড্রাইভ ক্লিন রিবেট এবং ফেডারেল ট্যাক্স ক্রেডিটসমূহ ক্রয়ের একটি প্রবৃদ্ধি ধরে রাখার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ যেটি হিসাবে বৈদ্যুতিক যানবাহন চালকদের মোট সুবিধার 20 এবং 35 শতাংশ।
- সামাজিক সুবিধা অঞ্চলভেদে ভিন্ন ভিন্ন হয় তবে সেটি সর্বোচ্চ পর্যায়ে পৌঁছায় যখন ইউটিলিটিসমূহ অফ-পিক সময়ে চার্জ দেওয়াকে উৎসাহিত করে তখন স্টেটব্যাপী 2.8 বিলিয়ন মার্কিন ডলার থেকে অফ-পিক সময়ে চার্জিং উৎসাহিত করার ফলে সুবিধা 5.1 বিলিয়ন মার্কিন ডলারে উন্নীত হয়।
- ফাস্ট চার্জিং স্টেশনসমূহ সম্প্রসারণের ফলে স্টেটব্যাপী সামাজিক সুবিধাবলী প্রায় 600 মিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি পায় কেননা অধিকতর বৈদ্যুতিক যানবাহনের ব্যয় সাশ্রয় এই সকল স্টেশনের অতিরিক্ত ব্যয়ের অফসেটসমূহের চেয়ে বেশি ব্যবহার করে থাকে।
- চার্জিং অবকাঠামোর ব্যয়সমূহে বৈদ্যুতিক যানবাহনে পরিবর্তনের সামাজিক ব্যয়ের একটি উল্লেখযোগ্য অংশ হিসাব করা হয়, যা 2030 সাল পর্যন্ত প্রায় 6 বিলিয়ন মার্কিন ডলারে

দাড়াবে। উদ্ভাবন বা অন্যান্য মাধ্যমে এই সকল ব্যয় হ্রাস করা হলে সেটি বৈদ্যুতিক যানবাহনে পরিবর্তনের সুবিধাকে বৃদ্ধি করতে পারে।

- প্রতিটি অঞ্চলে অতিরিক্ত ইলেক্ট্রিক যানবাহন থেকে ইউটিলিটি বিল রেভিনিউ এর বৃদ্ধি প্রতিটি গাড়িতে বিদ্যুৎ সরবরাহের খরচের বেশী, যা প্রতিটি গাড়ির জন্য প্রায় 4,500 মার্কিন ডলার। এই রিপোর্টে সেইসকল দৃশ্যপটের নমুনা দেখানো যাতে পাওয়া গেছে যে ইউটিলিটিসমূহ তাদের গ্রাহকদের ব্যয় সাশ্রয়ের পাশাপাশি ইলেক্ট্রিক যানবাহন গ্রহনে বিনিয়োগ করতে পারে।

বিশ্লেষণটি নিউ ইয়র্কের বাসিন্দাদের অন্য যেকোনো সময়ের চেয়ে এক বছরে বেশি সংখ্যক বৈদ্যুতিক যানবাহন ক্রয়কে প্রদর্শন করে - 2018 সালে 16,000 এর বেশি বৈদ্যুতিক যানবাহন বিক্রয় হয়েছিল যা 2017 সালে বিক্রীত সংখ্যার চেয়ে প্রায় 60 শতাংশ বেশি। এই প্রবৃদ্ধিটি চার্জার এনওয়াই এর অধীনে চালু হওয়া অসংখ্য উদ্যোগের অংশ যেটি সড়কে অধিক সংখ্যক বৈদ্যুতিক গাড়ি ও ট্রাক চালু করার ক্ষেত্রে গভর্নর কুওমোর উদ্যোগের অংশ, যার মধ্যে রয়েছে:

- EVolve NY, যেটি এমন একটি উদ্যোগ যার মাধ্যমে বৈদ্যুতিক যানবাহন গ্রহণ বৃদ্ধি ও স্টেটব্যাপী উচ্চ যানবাহন পূর্ণ করিডোরসমূহে ফাস্ট চার্জারসমূহ স্থাপনের ক্ষেত্রে চার্জিং অবকাঠামোর বাজার ঘাটতি চিহ্নিত করে। নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority, NYPA) এই উদ্যোগের জন্য 2025 সালের মধ্যে 250 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের অঙ্গীকার করেছে। নতুন জেএফকে চার্জারসমূহ EVolve NY কর্মসূচির অংশ হিসেবে পোর্ট অথরিটি অব নিউ ইয়র্ক অ্যান্ড নিউ জার্সি (Port Authority of New York and New Jersey) এর সাথে মিলে নকশা ও স্থাপন করা হবে। নতুন এয়ারপোর্ট চার্জিং হাব 13টি 150 কিলোওয়াট ডাইরেক্ট কারেন্টের (DC) ফাস্ট চার্জারকে অন্তর্ভুক্ত করবে যা দেশের মধ্যে বৃহত্তর নন-টেসলা চার্জিং হাব সৃষ্টি করবে। জেকেএফ চার্জারসমূহের মধ্যে দশটি জনসাধারণ, রাইডশেয়ার চালক, ট্যাক্সি ও পোর্ট অথরিটির নিজস্ব যানবাহনের জন্য একটি সেলফোন পার্কিং লট এ স্থাপন করা হবে। অন্য তিনটি চার্জার একটি পার্শ্ববর্তী লটে স্থাপন করা হবে যা শুধুমাত্র পোর্ট অথরিটির বৈদ্যুতিক বাসসমূহ কর্তৃক ব্যবহৃত হবে। এই উন্নয়ন মধ্যম-গতি (লেভেল-২) চার্জারসমূহে যুক্ত হবে যা ইতোমধ্যে এয়ারপোর্টের ইনডোর পার্কিং গ্যারেজসমূহে বিদ্যমান রয়েছে। EVolve কর্মসূচি আরও 200টি পর্যন্ত ফাস্ট চার্জার স্থাপন করবে যা চালকগণকে নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে, অন্যান্য গুরুত্বপূর্ণ ট্রাফিক করিডোর ও নিউ ইয়র্কের অন্যান্য পাঁচটি প্রধান শহরের 50টি স্থানে ন্যূনতম 20 মিনিট সময়ের মধ্যে চার্জ দিতে সক্ষম করবে।
- ড্রাইভ ক্লিন রিবেট, যা নিউ ইয়র্কের বাসিন্দাদেরকে একটি নতুন বৈদ্যুতিক গাড়ি ইজারা নেওয়া বা কেনার জন্য 2,000 মার্কিন ডলার পর্যন্ত ছাড় প্রদান করে থাকে। নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্স অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (NYSERDA) ইতোমধ্যে এই 70 মিলিয়ন মার্কিন ডলার উদ্যোগের অধীনে 14,000 এর বেশি ছাড় প্রদান করেছে।
- চার্জার রেডি এনওয়াই (Charge Ready NY), যা সরকারি বা বেসরকারি নিয়োগকর্তাদের, ভবনের মালিকদের, মিউনিসিপ্যালিটি ও অলাভজনক প্রতিষ্ঠানকে লেভেল 2 চার্জিং স্টেশন স্থাপন করার জন্য যানবাহন চার্জিং পোর্ট প্রতি 4,000 মার্কিন ডলার প্রদান

করে। 1,250 নতুন চার্জিং পোর্টের এই উদ্যোগের জন্য নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্স অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (NYSERDA) 5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করছে।

- বৈদ্যুতিক যানবাহন ক্রয়ের ইজারা নেওয়ার জন্য মিউনিসিপ্যালিটিসমূহের জন্য ছাড়সমূহ। ডিপার্টমেন্ট অব এনভায়রনমনেটাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC) এই কর্মসূচির জন্য 300,000 মার্কিন ডলার প্রস্তুত রেখেছে।

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিচার্স অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (NYSERDA) এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যালিসিয়া বার্টন বলেন, "এই বিশ্লেষণের মাধ্যমে এটি পরিষ্কার হয়েছে যে আমরা গভর্নর কুওমোর গ্রিন নিউ ডিল এ উল্লিখিত সঠিক পথেই রয়েছি এবং দেখা যায় যে স্টেটজুড়ে বৈদ্যুতিক যানবাহন চার্জিং স্টেশনের সংখ্যা বৃদ্ধির পাশাপাশি সংশ্লিষ্ট ব্যয়সমূহ কমিয়ে আনার নতুন, উদ্ভাবনী পদ্ধতিসমূহকে সমর্থন দেওয়ার মাধ্যমে নিউ ইয়র্ক সঠিক পথটি গ্রহণ করছে। নিউ ইয়র্কের বহুমুখী প্রচেষ্টাসমূহের মধ্যে আমরা আমাদের বৈদ্যুতিক যানবাহনসমূহে অব্যাহতভাবে বিনিয়োগ করতে থাকবো যাতে আমরা আমাদের গ্রিনহাউজ গ্যাস নির্গমন হ্রাসের আগ্রাসী লক্ষ্যসমূহ অর্জন করতে পারি এবং আমাদের ক্লিন এনার্জির ভবিষ্যৎকে সামনে এগিয়ে নিয়ে যেতে পারি।"

NYPA এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা গিল সি. কিনিওনেস বলেন, "জেকেএফ বিমানবন্দর জুড়ে বছরে 13 মিলিয়ন প্যাসেঞ্জার কার ট্রিপের হিসেবে এয়ারপোর্টের নতুন হাই-স্পিড চার্জিং হাব কর্তৃক নিউ ইয়র্ক সিটির 200 মাইল ব্যাসার্ধ জুড়ে EV চালকগণকে সেবাদান করার সম্ভাবনা রয়েছে। NYPA এর EVolve NY উদ্যোগের ফলে বৈদ্যুতিক যানবাহনের চালকগণের জন্য আমাদের স্টেট এয়ারপোর্ট থেকে অ্যাডিরোন্ডাক পর্যন্ত ভ্রমণ করা সম্ভব করবে। NYPA সমগ্র স্টেটজুড়ে EV অবকাঠামোয় বিনিয়োগ করছে যাতে ক্লিন ড্রাইভিং গ্রাহকদের কাছে স্মার্ট চয়েসে পরিণত হয় এবং আমরা একত্রে মিলে পরিবহন সংশ্লিষ্ট গ্রিনহাউজ গ্যাস নির্গমন হ্রাস করতে পারি এবং এখন ও ভবিষ্যতে আমাদের পরিবেশের উপর ইতিবাচক প্রভাব ফেলতে পারি।"

পোর্ট অথরিটি অব নিউ ইয়র্ক অ্যান্ড নিউ জার্সি এর কমিশনার রিক কটন বলেন, "টেকসই প্রযুক্তির প্রতি আমাদের বিরতিহীন দায়বদ্ধতার অংশ হিসেবে পোর্ট অথরিটি গ্রিনহাউজ গ্যাস নির্গমন ও পরিবেশ সুরক্ষায় অব্যাহতভাবে শক্তিশালী পদক্ষেপসমূহ গ্রহণ করছে। কেনেডি এয়ারপোর্টের এই নতুন ফাস্ট চার্জিং হাব আমাদের ক্লিন এনার্জি ভবিষ্যতের দিকে অগ্রসর হওয়ার পাশাপাশি আমাদের গ্রাহক, কর্মী ও এয়ারপোর্ট-কেন্দ্রীক অংশীদারদেরকে তাদের জীবনে বিরতিহীনভাবে বৈদ্যুতিক যানবাহন অন্তর্ভুক্ত করাকে সহজতর করে তুলবে।"

ডিপার্টমেন্ট অব এনভায়রনমনেটাল কনজারভেশনের কমিশনার বেসিল সেগোস বলেন, "নিউ ইয়র্কের বাসিন্দাদের বৈদ্যুতিক যানবাহন ব্যবহারের এই উল্লেখযোগ্য বৃদ্ধি একটি পরিষ্কার নিদর্শন যে EV তে স্থানান্তর যে অর্থ সাশ্রয়ের এবং জলবায়ু মোকাবেলায় দারুণ উপায় হতে যাচ্ছে সেটি মানুষ উপলব্ধি করছে। কার্বন নিরপেক্ষতা অর্জনে গভর্নর কুওমোর লক্ষ্য দৃঢ় তবে এটি সাধনযোগ্য এবং চালকগণের জন্য স্টেটজুড়ে চার্জিং স্টেশনে প্লাগ লাগিয়ে চার্জ দেওয়াকে সহজ করার মাধ্যমে নিউ ইয়র্ক এই খাতে নেতৃত্ব দিচ্ছে। DEC অব্যাহতভাবে এই সকল প্রচেষ্টায় সহায়তাদান করবে এবং আমাদের বিনিয়োগসমূহ নিউ ইয়র্কে ক্লিন এনার্জিকে একটি বাস্তবতায় পরিণত করবে।"

থ্রুওয়ে অথরিটি (Thruway Authority) এর ভারপ্রাপ্ত এক্সিকিউটিভ ডিরেক্টর ম্যাথিউ জে. ড্রিসকোল বলেন, "আমরা ক্লিন পরিবহনে বিনিয়োগ করা ও থ্রুওয়ে সার্ভিস এলাকা, ওয়েলকাম সেন্টার ও থ্রুওয়ের মালিকানাধীন কমিউটার লটসমূহে বৈদ্যুতিক যানবাহন চার্জিং স্টেশন বৃদ্ধির মাধ্যমে নিউ ইয়র্কে একটি EV চালানোকে সহজ করার জন্য গভর্নর কুওমোর মিশনে সহায়তা করতে পেরে গর্বিত। স্টেটজুড়ে ফাস্ট চার্জিং স্টেশনসমূহে অ্যাক্সেস সম্প্রসারণের মাধ্যমে EV মালিকগণ কত দূরে গিয়ে তাদের পরবর্তী চার্জ নেওয়া যাবে সে ব্যাপারে দুশ্চিন্তা করা ছাড়াই আমাদের 570 মাইল থ্রুওয়ে সিস্টেমে ভ্রমণ করতে পারবে।"

অ্যাসেম্বলি এনার্জি কমিটি (Assembly Energy Committee) এর সভাপতি অ্যাসেম্বলি মেম্বার মাইকেল কুসিক বলেন, "বৈদ্যুতিক যানবাহন অধিগ্রহণে নিউ ইয়র্ক যে অগ্রগতি অর্জন করেছে তার জন্য আমি গর্বিত এবং আজকের ঘোষণার মাধ্যমে এটি কতটা গুরুত্বপূর্ণ সেটি আরও বেশি প্রদর্শিত হয়েছে। সকল ব্যয় কমে আসবে এবং অবকাঠামো নির্মিত হবে, আমি বিশ্বাস করি নিউ ইয়র্কের চাহিদা হবে অব্যাহতভাবে প্রযুক্তিগত উন্নয়ন সাধন করা এবং এই খাতে আর্থিক স্থিতিশীলতা নিশ্চিত করা।"

নিউ ইয়র্কে পরিবহন ক্ষেত্র হলো শক্তি সম্পর্কিত গ্রিনহাউজ গ্যাস নির্গমনের সর্বাধিক বড় উৎপাদকদের একটি। গ্যাস-চালিত গাড়ির তুলনায়, বৈদ্যুতিক গাড়ি বেশি শক্তি কার্যকর এবং এটি প্রতি মাইল চলতে প্রায় 50 থেকে 70 শতাংশ কম খরচ করে। 31 ডিসেম্বর 2018 তারিখ পর্যন্ত স্টেটব্যাপী 3,200 এর বেশি বৈদ্যুতিক যানবাহন চার্জিং স্টেশন স্থাপিত হয়েছে।

Charge NY 2.0 সম্পর্কে আরও তথ্যের জন্য, Charge NY 2.0 ওয়েব পৃষ্ঠা বা NYPA এর EV পরিষেবা ওয়েব পৃষ্ঠা দেখুন।

সম্পূর্ণ ব্যয়-সুবিধা বিশ্লেষণ এখানে দেখা যাবে।

নিউ ইয়র্ক স্টেটের গ্রিন নিউ ডিল

দেশের শীর্ষস্থানীয় ক্লিন এনার্জি ও কর্মসংস্থানের এজেন্ডা অর্থাৎ গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর গ্রিন নিউ ডিল, নিউ ইয়র্ক স্টেটকে আগ্রাসীভাবে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতার দিকে ঠেলে দিবে। এই উদ্যোগের ফলে ক্লিন এনার্জিতে একটি ন্যায্য রূপান্তর হবে, সবুজ অর্থনীতির বিকাশ ত্বরান্বিত হবে এবং 2040 সালের মধ্যে নিউ ইয়র্কের শক্তিকে বাধ্যতামূলকভাবে শতভাগ পরিচ্ছন্ন হবে, এটি মার্কিন যুক্তরাষ্ট্রের সর্বাধিক আগ্রাসী লক্ষ্যের একটি। 2030 সালের মধ্যে নিউ ইয়র্কের ক্লিন এনার্জি মানদণ্ডকে 70 শতাংশ নবায়নযোগ্য বিদ্যুতে সফলভাবে রূপান্তর করার ক্ষেত্রে এই নতুন প্রস্তাবিত অব্যক্তটি একটি উল্লেখযোগ্য বৃদ্ধি।

নবায়নযোগ্য শক্তির অভূতপূর্ব বৃদ্ধির অংশ হিসেবে, নিউ ইয়র্ক ইতোমধ্যে পুরো স্টেটে 46টি বৃহৎ স্কেল নবায়নযোগ্য প্রকল্পে 2.9 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে কারণ এটি উল্লেখযোগ্যভাবে তার ক্লিন এনার্জির লক্ষ্য বৃদ্ধি করে, যেমন: নিউইয়র্কের অফশোর বাতাসের লক্ষ্য চারগুণ করে 2035 সালের মধ্যে দেশের মধ্যে সর্বোচ্চ 9,000 মেগাওয়াট করা; সোলার নিয়োগ 2025 সালের

মধ্যে দ্বিগুণ হয়ে 6,000 মেগাওয়াটে হওয়া এবং 2030 সালের মধ্যে 3,000 মেগাওয়াট শক্তি সঞ্চয় মজুদ করা। এই উচ্চাকাঙ্ক্ষী কাজে সহায়তা প্রদান করতে, নিউ ইয়র্ক গ্রিন ব্যাংক (NY Green Bank) তার বিশেষজ্ঞতা ব্যবহার করবে প্রতি সর্বজনীন ডলারের বৃহত্তর পরিবেশগত প্রভাব লালনের উদ্দেশ্যে আর্থিক ফারাক অতিক্রম করতে 1 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অর্থ তুলে তৃতীয় পক্ষের তহবিলে পরিবেশগত অর্থায়নের উপলভ্যতা প্রসারিত করতে নিউ ইয়র্ক এবং উত্তর অ্যামেরিকার বাকি অঞ্চল জুড়ে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন